মেহেরপুরে নতুন করে ৩২জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৩২জন করোনা আক্রান্ত হয়েছেন। এর মধ্যে সদর উপজেলায় ৮জন, গাংনীতে ১৭জন এবং মুজিবনগরে ৭ জন রয়েছেন।

রবিবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

সিভিল সার্জন অফিস সুত্রে জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্টের ৫৪টির মধ্যে পজেটিভ ৩২ টি। আজকের ৩২টি পজিটিভের মধ্য দিয়ে জেলায় মোট পজিটিভ কেসের সংখ্যা ১৭৯টি। এর মধ্যে সদরে ৩৮, গাংনী ৮৬ ও মুজিবনগরে ৫৫টি।

জেলায় এ পর্যন্ত মৃত্যু ২৬ জনের এর মধ্যে সদর ১০, গাংনী ১০ ও মুজিবনগরে ৬ জন। আক্রান্তদের মধ্যে এ পর্যন্ত সুস্থ হয়েছেন ৯১৬ জন।

তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জন সমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

হরিণাকুণ্ডুতে ইউএনও ও মেয়রের সাথে মতবিনিময় করলেন সংসদ সদস্য সমি

ঝিনাইদহর হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা এবং পৌরসভার মেয়র মোঃ ফারুক হোসেনের সাথে সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় করলেন ঝিনাইদহ-২ আসনের জাতীয় সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি।

শনিবার মতবিনিময় কালে প্রথমে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ইউএনও সৈয়দা নাফিস সুলতানা পরে পৌরসভায় মেয়রের কার্যালয়ে মেয়র মোঃ ফারুক হোসেনকে তিনি শুভেচ্ছা ও সাধুবাদ জানান।

এ সময় তাঁর সফর সঙ্গী হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্যের প্রতিনিধি রওশন আলী, কামাল হোসেন, হরিণাকুণ্ডু প্রেসক্লাব সভাপতি এম সাইফুজ্জামান তাজু। মতবিনিময় কালে উপস্থিত ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জামাল হোসেন, মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা, উপজেলা প্রকৌশলী আরিফুর রহমানসহ বিভিন্ন দপ্তর প্রধানগণ ও বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলর বৃন্দ।

কুষ্টিয়ায় দিনে-দুপুরে প্রকাশ্যে গুলি করে তিনজনকে হত্যা

কুষ্টিয়া শহরের কাষ্টমস মোড়ে প্রকাশ্যে নারী, পুরুষ ও শিশুকে গুলি করে হত্যা করা হয়েছে। এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে একজনকে আটক করেছে পুলিশ।

রোববার সকাল সাড়ে ১১টার দিকে শহরের কাস্টমস মোড়ে এ ঘটনা ঘটে।

নিহত একজনের পরিচয় পাওয়া গেছে। তার নাম শাকিল হোসেন (২২)। সে কুষ্টিয়ার কুমারখালী উপজেলার চাপড়া ইউনিয়নের সাওতা কারিগর পাড়া এলাকার মিজবারের ছেলে। সে বিকাশকর্মী হিসেবে কাজ করতেন।

এদিকে গুলিবিদ্ধ নারী ও শিশুর নাম পরিচয় শনাক্ত করা যায়নি।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্র জানায়, বেলা সাড়ে ১১টার দিকে কুষ্টিয়া শহরের কাস্টমস মোড়ে তিনতলা একটি ভবনের সামনে এক নারী ৮ বছরের ছেলে শিশুকে নিয়ে দাঁড়িয়ে ছিলেন। এ সময় সেখানে এক পুরুষ

ছিলেন। হঠাৎ করে এক ব্যক্তি প্রথমে নারীকে মাথায় গুলি করেন। এরপর পাশে থাকা পুরুষের মাথায় গুলি করেন। ভয়ে ছেলে শিশুটি দৌড়ে পালাতে গেলে তাকেও ধরে মাথায় গুলি করা হয়। আশপাশের লোকজন গুলি করা ব্যক্তিকে ধরতে গেলে তিনি দৌড়ে তিন তলা ভবনের ভেতরে ঢুকে পড়েন।
এরপর লোকজন জড়ো হয়ে ওই ভবনের দিকে লক্ষ্য করে ইট-পাটকেল নিক্ষেপ শুরু করেন।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। গুলিবিদ্ধদের উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিয়ে যায় পুলিশ। জরুরি বিভাগের চিকিৎসক নারীকে মৃত ঘোষণা করেন। অপারেশন থিয়েটার রুমে গুলিবিদ্ধ পুরুষ ও গুলিবিদ্ধ শিশুর মৃত্যু হয়।

কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার (এসপি) মোস্তাফিজুর রহমান বলেন, গুলিবিদ্ধ হয়ে তিনজনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় একজনকে আটক করা হয়েছে। তাঁকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

গৃহবধু রিতু হত্যার বিচারের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী

মাগুরায় গৃহবধু রিতু হত্যার বিচারের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে। রোববার সকালে সদর উপজেলার পাইকপাড়া গ্রামে এ কর্মসূচীর আয়োজন করে নিহত গৃহবধু রিতুর পরিবার ও এলাকাবাসী।

এসময় ব্যানার ফেস্টুন নিয়ে রিতুর স্বজন ও এলাকাবাসী অংশ নেয়। এসময় বক্তব্য রাখেন, নিহত রিতুর মা জাহানারা বেগম, বোন শিলা খাতুন, ভাবী সম্পা খাতুন, চাচাতো ভাই রাশেদসহ অন্যান্যরা। এসময় বক্তারা অভিযোগ করেন, গত ৭ জুন মাগুরা সদর উপজেলার বলেশ্বরপুর গ্রামে স্বামীর বাড়িতে থাকা অবস্থায় তার স্বামী সুমন মোল্লা ও তার পরিবারের লোকজন রিতুকে মারধর করে হত্যা করে।

মা জাহানারা খাতুন অভিযোগ করে বলেন, দেড় বছর আগে রিতু একটি সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়। দুর্ঘটনায় তার দুই পা ভেঙ্গে যায়। স্বাভাবিক কাজকর্ম করতে না পারায় আর চিকিৎসা ব্যায় বহন করতে হচ্ছিল বলে প্রায় রিতুকে শারিরীক ও মানসিক ভাবে নির্যাতন করতো। রিতুকে মারধর করে হত্যার পর আমাদের কাছে ফোন দিয়েছে।

রিতুর শরীরে আঘাতের চিহ্ন ছিল। তাকে পরিকল্পিত ভাবে হত্যা করেছে সুমন মোল্লা ও তার পরিবারের লোকজন। এ ঘটনায় মাগুরা সদর থানায় একটি হত্যা মামলা হলেও আসামী ধরাছোঁয়ার বাইরে। দ্রুত আসামী গ্রেফতার ও শাস্তির দাবি জানান বক্তারা।

মেহেরপুরে ডিবি পুলিশের অভিযানে ১০পিস ইয়াবাসহ এক যুবক আটক

মেহেরপুর ডিবি পুলিশের মাদকবিরোধী অভিযানে জাজেদুর রহমান জিতু
(২৬) নামের এক যুবককে ১০ পিস ইয়াবাসহ আটক করা হয়েছে। রবিবার মধ্যরাতে মেহেরপুর শহরের মল্লিকপাড়ায় অভিযান চালিয়ে জিতুকে গ্রেফতার করা হয়। জিতু মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকার জামশেদুর রহমানের ছেলে। ডিবির ওসি জুলফিকার আলী জানান পুলিশ সুপার এস এম মুরাদ আলির নির্দেশে চলমান মাদকবিরোধী অভিযানে গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর ডিবি এস আই মুক্ত রায় চৌধুরী, পিপিএম এর নেতৃত্বে সঙ্গীয় এএসআই মো: মাহাতাব উদ্দিন, এএসআই আহসান হাবীব ও এএসআই মো: ইব্রাহিম বিশ্বাস ও সঙ্গীয় ফোর্স সহ মেহেরপুর পৌরসভার মল্লিকপাড়া এলাকায় অভিযান চালিয়ে মো: জাজেজুর রহমান জিতু গ্রেফতার করে। এ সময় তার কাছ থেকে ১০ পিস ইয়াবা উদ্ধার করা হয়। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[

উপজেলার ব্রজপুর গ্রামে এ ঘটনা ঘটে। তিন সন্তানের জননী সুরাতন ব্রজপুর গ্রামের সেন্টু আলীর স্ত্রী ও নওদাপাড়া গ্রামের মুরাদ আলীর মেয়ে।

স্থানীয় সূত্রে জানা গেছে, উপজেলার নওদাপাড়া গ্রামের মুরাদ আলীর মেয়ের সাথে সেন্টু আলীর প্রায় ১৭ বছর আগে বিয়ে হয় এবং ঘর সংসার চলতে থাকে। অভাব অনটনের সংসারে প্রায়শই তাদের স্বামী-স্ত্রীর মধ্যে মনমালিন্য ঘটতো। পারিবারিক কলহের জেরে রোববার সকাল ৭ টার দিকে ব্রজপুর গ্রামে স্বামীর নিজ ঘরের আড়ার সাথে ওড়না পেচিয়ে আত্মহত্যা করে। সংবাদ পেয়ে বামুন্দি ক্যাম্পের আইসি আবুল খায়ের মোল্ল্যা ঘটনাস্থানে উপস্থিত হয়ে মরদেহ উদ্ধার করে গাংনী থানায় প্রেরণ করেন।

গাংনী থানা অফিসার ইনচার্জ বজলুর রহমান জানান, ব্রজপুর গ্রামে এক গৃহবধুর আত্মহত্যার ঘটনা ঘটেছে। ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। মরদেহ উদ্ধার করে মর্গে পাঠানোর প্রক্রিয়া চলমান। এ বিষয়ে একটি অপমৃত মামলা হয়েছে।

গাংনীতে ইয়াবাসহ একজন গ্রেপ্তার

ফুরকান আহমেদ খান(৩৫) নামের এক ইয়াবা পাচারকারীকে গ্রেপ্তার করেছে পুলিশ। উদ্ধার করা হয়েছে ২৫ পিস ইয়াবা। মেহেরপুরের গাংনী থানা পুলিশের একটি টীম গাংনী হাইস্কুল মার্কেটের সামনে থেকে তাকে গ্রেপ্তার করে।
ফুরকান আহমেদ গাংনীর চৌগাছা পশ্চিম পাড়ার ইদ্রীস আলীর ছেলে।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, ফুরকান একজন চিহ্নিত ইয়াবা পাচারকারী। সে ইয়াবা নিয়ে গাংনী হাইস্কুলের সামনে অপেক্ষা করছে মর্মে সংবাদের ভিত্তিতে এসআই নূর ও সঙ্গীয় ফোর্স অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে। তার বিরুদ্ধে মামলাসহ মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

[redacted]

[redacted]

গ্রাম গঞ্জে বাউল ও লোকগানের কদর বাড়ছে

এক সময় ছিল পাড়া গায়ের সহজ সরল নারী পুরুষ রাত অবধি জেগে গ্রামীন যাত্রা, লোকজপালা, রহিম রুপবান, বেহুলা ও মনোষার পালা জারী নসিমন সুন্দরী, বাউল কির্তন ভাব বিচ্ছেদি গান শুনতেন। গ্রামের হাটমোড়ে, বাঁশতলায়, বটতলায়,পুজা মন্দিরের সামনে, ঠাকুরতলায় মন্চ করে আবার সামিয়ানা টাঙিয়ে হ্যাচাক লাইট জ্বালিয়ে এ সব লোক ঐতিহ্য গান পরিবেশন হতো। ধর্ম বর্ণ নির্বিশেষে সব শ্রোতারা মনোযোগ দিয়ে রাতযেগে প্রানভরে উপভোগ করতো।

৯০ দশকের পর বিপদগামী কতিপয় কথিত শিল্পী নাম ধারিরা রাতারাতি তারকা হওয়ার স্বপ্নে বিভোর হয়ে অশ্লীল কিছু নাচ ও গান বাজারে ছাড়ার পর অধিকাংশ গান প্রেমি মানুষ ও ভক্তগন মুখ ফিরিয়ে নিয়েছিল। সাথে আবার আকাশ সংস্কৃতির কারনে বিদেশী কিছু উচ্চ শব্দের ডিজে গান নামে বাজারে আসায় ছোট ছোট ও উঠতি বয়সি ছেলে মেয়েরা ডিজে গান ও বাজনার প্রতি ঝুঁকে পড়ে। বয়সের কারণে তারাও আকৃষ্ট হতে থাকে। বিদেশি উচ্চ শব্দের বাজনা সম্পপ্ন ডিজে নামক গান ও অশ্লীল গানের প্রতি অনেকেই ঝুকে পড়ে। ফলে এ দেশের লোকগাথা, লোকঐতিহ্য ও লোক ও বাউলগানের প্রতি উঠতি বয়সিদের আগ্রহ কমতে থাকে। তারা অবশ্য জানেইনা বাঙালি জাতির ঐতিহ লোক ও বাউলগানের কত গ্রহন যোগ্যতা রয়েছে। মাঝ পথে প্রায় হারিয়ে যাওয়ার মত অবস্থা হয়েছিল।

গতকাল শনিবার সকাল এগারোটার দিকে এমন একটি গ্রামীন লোক পালা পীরেরগান অনুষ্ঠিত হয়েছে। চুয়াডাঙা জেলার দামুডহুদা উপজেলার সীমান্তবর্তী দর্শনা পৌর এলাকার দক্ষিণচাদ পুর গ্রামের সাজাহান মন্ডলের বাশতলায়। যেখানে মুখে মাস্ক পরা শত শত মানুষের সমাগম ঘটে । দেশে করোনার মধ্যে যখন মানুষ জড়োষড়ো ঠিক সেই সময়ে মানুষের মনে কিছুটা হলেও সাহস ও চাঙ্গা করতে এ ধরনের একটি আয়োজন বেশ আনন্দের খোরাক জুগিয়ে ক্লান্তি দূর করেছে বলে উপস্থিত শ্রোতারা জানালেন।

বাউল পরিষদের সদস্য, পালাকার মহিদুল ইসলাম জানান বর্তমান সরকার ক্ষমতায় আসার পর গ্রাম গন্জে ফের লোকসংস্কৃতির প্রচার হতে যাচ্ছে। আমরা আবারো মন প্রাণ খুলে গাইতে পারবো দেশজ লোকজ পালা জারিসারী ভাটিয়ালি বাউল ও বিচ্ছেদ।